

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-১ শাখা।
www.mohfw.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৮.২০১৭- ৯০৬

তারিখ: ২৬/০৮/২০১৯ খ্রি.

বিষয়: এটুআই এবং সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে Memorandum of Agreement (MoA) স্বাক্ষর।

সূত্র: ০৫.০০.০০০০.১৯৭.১৪.০০৬.১৮-১৩৬, তারিখ: ০৪/০৮/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম (এটুআই) এর উদ্যোগে গত ৩০ মে, ২০১৮ তারিখে, 'প্রশিক্ষণ প্রতিষ্ঠান: উদ্ভাবন ও পরিবর্তন' শীর্ষক ৩য় সোশ্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠিত হয়। উক্ত সংলাপে জনপ্রশাসন মন্ত্রণালয়সহ ৬০ টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধান/প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এতে মানব সম্পদ উন্নয়নের বিষয় থাকায় প্রস্তাবিত MoU তে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অন্তর্ভুক্ত করা হয়। এর পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মধ্যে ১১/০৬/২০১৯ তারিখে প্রশিক্ষণ প্রতিষ্ঠান: উদ্ভাবন ও পরিবর্তন বিষয়ক ফ্রেমওয়ার্ক Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়। এই ফ্রেমওয়ার্ক MoU-এর আওতায় এটুআই এবং আগ্রহী সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে চাহিদা অনুযায়ী পৃথক পৃথক Memorandum of Agreement (MoA) স্বাক্ষর করতে পারবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। বর্ণিতাবস্থায়, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম (এটুআই) এর সাথে চাহিদা অনুযায়ী পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও নিপোর্টের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে MoA স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৬ (ছয়) পাতা



(মো: আনোয়ার হোসাইন আকন্দ)

উপসচিব (প্রশাসন-১)

ফোন-৯৫৪৫৮২০

admin1@mefwd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
- ২। মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৮.২০১৭- ৯০৬/১ (৫)

তারিখ: ২৬/০৮/২০১৯ খ্রি.

অনুলিপি অবগতির জন্য:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,
- ৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,
- ৫। অফিস কপি



(মো: আনোয়ার হোসাইন আকন্দ)

উপসচিব (প্রশাসন-১)